

তারিখ: ১২.১০.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

৮ লাখ ২৯ হাজার শিশুকে টাইফয়েডের টিকা দিবে চসিক হেলদি সিটি গড়তে টাইফয়েডের টিকা নিন: সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় “টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫” এর সফল বাস্তবায়নের লক্ষ্যে রবিবার (১২ অক্টোবর) সকালে দুটি স্থানে উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সকালে ১০ টায় চন্দনপুরার গুল-এজার-বেগম মুসলিম সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে এবং সকাল ১১ টায় প্রবর্তক মোড়স্থ আইয়ুব বাচ্চু চত্বরে সুবিধাবঞ্চিত ও পথশিশুদের টিকাদানের অনুষ্ঠিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ক্যাম্পেইনের উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। এসময় প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, শিশুরা জাতির ভবিষ্যৎ। তাদের সুস্বাস্থ্য নিশ্চিত করতে হলে টিকাদান কর্মসূচিকে সফল করতে হবে। নগরের প্রতিটি অভিভাবককে অনুরোধ করছি, নির্ধারিত তারিখে শিশুদের টিকা দিতে নিয়ে আসুন। টাইফয়েড কেবল স্কুলপড়ুয়া নয়, স্কুলবহির্ভূত শিশুরও হতে পারে। তাই আমরা কমিউনিটি পর্যায়েও টিকাদান চালাবো, যেন কোনো শিশু বাদ না যায়। তিনি আরও বলেন, টাইফয়েড একটি অত্যন্ত মারাত্মক রোগ। অনেক সময় সাধারণ জ্বর ভেবে আমরা বুঝতে পারি না এটি টাইফয়েড। শিশুদের ক্ষেত্রে এটি দীর্ঘস্থায়ী হয়ে অজ্ঞাহানি পর্যন্ত ঘটাতে পারে। প্রতিরোধই সবচেয়ে বড় সুরক্ষা। অনেক অভিভাবক অজান্তে বারবার অ্যান্টিবায়োটিক পরিবর্তন করেন, যার ফলে অ্যান্টিবায়োটিক রেজিস্ট্যান্স তৈরি হয়—এটি একটি বড় জনস্বাস্থ্য সমস্যা। তাই এই টিকাদান কার্যক্রম অত্যন্ত তাৎপর্যপূর্ণ। মেয়র জানান, স্কুল পর্যায়ে ৩১ অক্টোবর পর্যন্ত এবং কমিউনিটি পর্যায়ে ১ থেকে ১৩ নভেম্বর পর্যন্ত টাইফয়েড টিকা প্রদান করা হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতায় মোট ১,৫৪৬টি স্কুল ও ৭৮৩টি আউটরিচ সাইটে প্রায় ৮ লাখ ২৯ হাজার ৩০১ শিশুকে টিকা প্রদান করা হবে। এর মধ্যে স্কুল শিক্ষার্থী ৫ লাখ ৩১ হাজার ১৬৭ জন এবং স্কুলবহির্ভূত শিশু ২ লাখ ৯৬ হাজার ৭৮৪ জন। তিনি আরও বলেন, প্রায় ১৪০০ থেকে ১৫০০ টাকার এই টিকা আমরা বিনামূল্যে প্রদান করছি, যার মাধ্যমে ৯ মাস থেকে ১৫ বছর বয়সী প্রায় ৮ লাখের বেশি শিশুকে টিকার আওতায় আনা হবে। এটি চট্টগ্রামে প্রথমবারের মতো একটি বড় প্রতিরোধমূলক জনস্বাস্থ্য উদ্যোগ। আমি ধন্যবাদ জানাই ‘নগরফুল’সহ সংশ্লিষ্ট সংগঠনগুলোকে, যারা পথশিশুদের এই টিকাদান কর্মসূচিতে সহযোগিতা করছে। এই শিশুরাই আমাদের ভবিষ্যৎ তাদের সুস্থভাবে বেড়ে ওঠাই আমাদের দায়িত্ব। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব মো. আশরাফুল আমিন, প্রধান শিক্ষা কর্মকর্তা ড. কিসিঞ্জার চাকমা, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. মো. ইমাম হোসেন রানা, শিক্ষা কর্মকর্তা মোছাম্মৎ রাশেদা আক্তার, ডা. হোসেন আরা বেগম, ডা. গোলাম বাকী মাসুদ, ডা. মনিরুল ইসলাম রুবেল, ডা. সরোয়ার আলম, ডা. তপন কুমার চক্রবর্তী, ডা. ইফতার জাহান আঁখি, প্রধান শিক্ষক মোহাম্মদ সাইফুল্লাহ, সমাজকল্যাণ কর্মকর্তা মামুনুর রশীদ এবং আবু সালেহ। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগের আয়োজনে, স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ইউনিসেফ এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) সার্বিক সহযোগিতায় এ ক্যাম্পেইন পরিচালিত হচ্ছে।



ভেজাল বিরোধী অভিযান সদরঘাট রোডে দুই রেস্টুরেন্টকে ৬৫ হাজার টাকা জরিমানা

ভেজাল বিরোধী অভিযানে নগরের দুই প্রতিষ্ঠানকে ৬৫ হাজার টাকা জরিমানা করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) ভ্রাম্যমাণ আদালত। এ অভিযানে নেতৃত্ব দেন চসিকের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্বাধিকার। অভিযানে অস্বাস্থ্যকর নোংরা পরিবেশে হোটেলের খাবার রান্না করা, নোংরা রক্ত যুক্ত ফ্রিজে বাসী খাবার সংরক্ষণ করা, বিভিন্ন ধরনের আতর , ফ্লেভার, কেওডাজল ও রাসায়নিক খাবারে মেশানো, কাঁচা ও রান্না করা খাবার একসাথে ফ্রিজে সংরক্ষণ করার অপরাধে নগরীর সদরঘাট রোডের চাটগাইয়া খানা রেস্টুরেন্টকে ৫০ হাজার টাকা ও নিউ আল মক্কা হোটেল এন্ড রেস্টুরেন্টকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮